দৈনিক খবর

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 03 JUL 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

২৩

040

# এ বছর ১৭৪৭৬ এসএসসি পরীক্ষার্থী বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

১৯৮৯ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় চারটি বোর্ডে মোট ১৭,৪৭৬ জন পরীক্ষার্থী ও ৮৩ জন পরিদর্শক বহিষ্কৃত হয়েছেন।

গতকাল সকালে জাতীয় সংসদে মনিরুল হক চৌধুরীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ তথ্য প্রকাশ করে বলেন, নকল করার অপরাধে দোষী পরীক্ষার্থীদের বিরুদ্ধে পরীক্ষা শৃংখলা বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তদুপরি পাবলিক পরীক্ষাসমূহে নকল সরবরাহ এবং নকল করার সহায়তা ইত্যাদি

৭-এর পাতায় দেখুন

## এ বছর পরীক্ষার্থী

প্রথম পৃষ্ঠার পর

অপরাধমূলক কাজে জড়িত পরিদর্শকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।

১৯,৩১১টি দুর্নীতির মামলাঃ স্বতন্ত্র সদস্য নুরুল ইসলাম মনির এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী মওদুদ আহমদ জানান, ১৯৭২ সাল হতে ১৯৮৮ সালের ডিসেম্বর পর্যন্ত দুর্নীতি দমন সংস্থা ১৯,৩১১টি মামলা গ্রহণ ও দায়ের করেছে। এর মধ্যে ১৬,৮৪১টি মামলার তদন্ত শেষ হয়েছে। চার্জশীট দেয়া হয়েছে ১২,২৯৩টির।

নুর মোহাম্মদের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী জানান, ১৯৮৭ সাল হতে ১৯৮৮ সাল পর্যন্ত দুই বছরে দুর্নীতি দমন বিভাগ দেশে ২,৫৪১টি মামলা দায়ের করেছে।

স্বতন্ত্র সদস্য মিয়া আব্বাসউদ্দিনের এক প্রশ্নের জবাবে সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী মোঃ রেজওয়ানুল হক চৌধুরী জানান, '৮৭-৮৮ সালে সরকার জাতীয় সমাজ কল্যাণ পরিষদের মাধ্যমে দেশের ২০৫টি রেজিষ্টিকৃত এতিমখানাকে ৪,৫১,৯০০ টাকা অনুদান হিসেবে প্রদান করেছেন।

আবদুর রাজ্জাক খানের এক প্রশ্নের জবাবে রেজওয়ানুল হক চৌধুরী জানান, বর্তমানে দেশে সরকারী শিশু সদনে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৯,৫০০ জন। আবদুস সাত্তার মাষ্টারের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী মওদুদ আহমদ জানান, ১-৭-৮৮ হতে ১-৫-৮৯ পর্যন্ত রাষ্ট্রপতির ত্রাণ ও কল্যাণ তহবিলে মোট ৪৫,২৪,৫৮,৬৪৩ দশমিক ৩৮ টাকা জমা হয়েছে।